



খাগড়াছড়ি পৌরসভা কার্যালয়

খাগড়াছড়ি পার্বত্য জেলা।
<http://khagracharipourashava.gov.bd>

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-খাগঃপৌঃকাঃ/১৪২৩

তারিখ: ১১/১২/২০১৭খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

খাগড়াছড়ি পৌরসভার অধীনে পরিচালিত মিউনিসিপ্যাল মডেল স্কুল এন্ড কলেজ এর নিম্নলিখিত পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	সংখ্যা	বেতনক্রম	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য
০১.	সহকারী প্রধান শিক্ষক	০১ (এক) জন	আলোচনা সাপেক্ষে	১৮ থেকে ৩৫ বৎসর	বি,এড/এম.এড/নিবন্ধনসহ স্নাতক ডিগ্রি অথবা স্নাতকোত্তর। শিক্ষকতা কার্যে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
০২.	সহকারী শিক্ষক	০৬ (ছয়) জন	আলোচনা সাপেক্ষে	১৮ থেকে ৩০ বৎসর	স্নাতক। বি,এড কোর্স সম্পন্ন শিক্ষকতা কার্যে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
০৩.	আর্ট শিক্ষক	০১(এক) জন	আলোচনা সাপেক্ষে	১৮ থেকে ৩০ বৎসর	এইচ এস সি। আর্ট পেশায় অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলীঃ

- ০১। দরখাস্তকারীকে A4 সাইজের এক পৃষ্ঠার কাগজে নিম্নোক্ত তথ্যাদি উল্লেখ পূর্বক নিম্নস্বাক্ষকারীর বরাবরে আবেদন করিতে হইবে।
(ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) স্থায়ী ঠিকানা (চ) শিক্ষাগত যোগ্যতা (ছ) জন্ম তারিখ (জ) বয়স (২০/১২/২০১৭খ্রিঃ) তারিখে বয়স (ঝ) জাতীয়তা (ঞ) অভিজ্ঞতা (যদি থাকে,অভিজ্ঞতার সনদ দাখিল করিতে হইবে।
- ০২। দরখাস্তের সঙ্গে নিম্নোক্ত প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্ত করিতে হইবে।
(ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র।
(খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(গ) স্ব-স্ব এলাকার ইউপি/পৌরসভার নাগরিকত্ব সনদপত্র।
(ঘ) সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
(ঙ) সকল পদে প্রার্থীকে ২০০/- (দুইশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/পোস্টাল অর্ডার মেয়র, খাগড়াছড়ি পৌরসভা বরাবরে দাখিল করিতে হইবে।
(চ) খামের উপর প্রার্থীত পদের নাম লিখিতে হইবে। একজন প্রার্থী একাধিক পদে আবেদন করিতে পারিবে না।
(ছ) দরখাস্ত আগামী ২০/১২/২০১৭খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে/সরাসরি প্রেরণ করিতে হইবে। উক্ত তারিখের পরে ডাক বা অন্য উপায়ে কোন আবেদন পত্র গ্রহণ করা হইবে না।
(জ) অসম্পূর্ণ দরখাস্ত ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
(ঝ) প্রার্থীকে লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।
(ঞ) সরকার নির্ধারিত যাবতীয় কোটাসমূহ সংরক্ষণ করা হইবে।এক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিটি ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতীক্ষিত সনদপত্র আবেদনের সাথে সংযুক্ত করিতে হইবে।
(ট) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
(ঠ) লিখিত পরীক্ষা ও সাক্ষাৎকারের সময় প্রার্থীকে সকল সনদপত্রের মূল কপি উপস্থাপন করিতে হবে।

(রফিকুল আলম)
মেয়র ও আহবায়ক
কর্মচারী নিয়োগ বাছাই কমিটি,
খাগড়াছড়ি পৌরসভা।
তারিখঃ ১১/১২/২০১৭খ্রিঃ

স্মারক নং-খাগঃপৌঃকাঃ/১৪২৩

সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য অনুলিপি প্রদান করা হইলঃ-

- ০১। সচিব,স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
- ০২। জেলা প্রশাসক,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ০৩। পুলিশ সুপার,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ০৪। সিভিল সার্জন,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ০৫। জনাব/জনাব.....সম্মানিত পৌর কাউন্সিলর.....নং ওয়ার্ড,সংরক্ষিত আসন ১/২/৩,খাগড়াছড়ি পৌরসভা।
- ০৬। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার,দৈনিক পূর্বকোণ/দৈনিক নয়াদিগন্ত / দৈনিক অরণ্যবার্তা পত্রিকার প্রতিনিধি খাগড়াছড়ি কে ১৩/১২/২০১৭খ্রিঃ তারিখের মধ্যে ০১(এক) দিন তাঁর পত্রিকায় প্রকাশ করে পত্রিকার ০৫ কপি এ অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। অফিস কপি।

(রফিকুল আলম)
মেয়র ও আহবায়ক
কর্মচারী নিয়োগ বাছাই কমিটি,
খাগড়াছড়ি পৌরসভা।